



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/9/2022

গভর্নর ক্যাথি হোকল

2023 অর্থবছরের বাজেটে স্বাস্থ্যসেবা খাতে 20 বিলিয়ন ডলারের ঐতিহাসিক বহু-বছরমেয়াদী বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

হোম কেয়ার ওয়ার্কারদের ন্যূনতম মজুরি 3 ডলার করে বৃদ্ধি করার জন্য 7.7 বিলিয়ন ডলার বিনিয়োগ

সামনের সারির স্বাস্থ্যসেবা কর্মীদের বোনাস প্রদানের জন্য 1.2 বিলিয়ন ডলার বিনিয়োগ

স্বাস্থ্যসেবা খাতের অবকাঠামোর জন্য 2.4 বিলিয়ন ডলার বিনিয়োগ

কাগজপত্র নেই এমন ব্যক্তি সহ কম উপার্জনকারী প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসী এবং 65 বছর ও তার বেশি বয়সীদের জন্য মেডিকেইডের উপযুক্ততা সম্প্রসারণ

সকল গর্ভবতীর জন্য প্রসবোত্তর মেডিকেইড কভারেজ 60 দিন থেকে বৃদ্ধি করে এক বছরে উন্নীত করা

মানবসেবা কর্মীদের জন্য জীবনযাপনের ব্যয় 5.4 শতাংশ সমগ্র

গভর্নর ক্যাথি হোকল আজ 2023 অর্থবছরের স্টেট বাজেটে স্বাস্থ্যসেবা খাতে 20 বিলিয়ন ডলারের ঐতিহাসিক বহু-বছরমেয়াদী বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। সামনের সারির স্বাস্থ্যসেবা কর্মীদের বোনাসের জন্য 1.2 বিলিয়ন ডলার বরাদ্দ করার পাশাপাশি অর্থ পরিশোধ পদ্ধতি পুনর্গঠনের জন্য বহুবছর মেয়াদী 4.5 বিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য উন্নত কর্মস্থল তৈরি করাকে অগ্রাধিকার দেওয়া হবে। অন্যান্য উল্লেখযোগ্য বিনিয়োগের মধ্যে স্বাস্থ্যসেবা খাতের অবকাঠামোগত উন্নয়নের জন্য 2.4 বিলিয়ন ডলার বরাদ্দ প্রদান এবং কোভিড-19 মহামারির ফলে আর্থিক সংগ্রামে লিপ্ত হাসপাতালগুলোকে সাহায্য করার জন্য 3.9 বিলিয়ন ডলারের অনুদান প্রদান অন্তর্ভুক্ত রয়েছে। হোম কেয়ার ওয়ার্কারদের ন্যূনতম মজুরি 3 ডলার বৃদ্ধি করার জন্য চার বছর মেয়াদে আরো 7.7 বিলিয়ন ডলার ব্যয় করা হবে। এসব যুগান্তকারী বিনিয়োগ কর্মস্থলের পরিবেশ উন্নত করা এবং পরবর্তী পাঁচ বছরে কর্মী সংখ্যা 20 শতাংশ বৃদ্ধি করার জন্য, এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যসেবা শিল্পকে উন্নত করার জন্য একসঙ্গে কাজ করবে।

"নিউ ইয়র্ক একটি শক্তিশালী, স্থিতিশীল ও সমতাপূর্ণ স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপর নির্ভরশীল এবং এর মূলে রয়েছে এই শিল্পের কর্মীরা, যাদের উপর মহামারী শুরু হওয়ার পর থেকে অসম্ভবকৈ সম্ভব করার দায়িত্ব এসে বর্তেছে এবং গত দুই বছর ধরে তারা সেটাই করে এসেছেন," বলেছেন **গভর্নর হোকল**। "এই বাজেটে অন্তর্ভুক্ত ঐতিহাসিক বিনিয়োগগুলো স্বাস্থ্যসেবা কর্মীদের বেতন বৃদ্ধি করা, তাদের কর্মস্থলের অবকাঠামো উন্নত করা এবং আরো বেশি লোকজনকে কর্মীদলে যোগ দিতে আকৃষ্ট করবে এমন প্রণোদনা প্রদান করার মাধ্যমে স্বাস্থ্যসেবা খাতের অর্থনীতিকে পুনর্নির্মাণ করবে। আমরা যাতে ভবিষ্যতের স্বাস্থ্যসেবা অর্থনীতি গড়ে তুলতে পারি তা নিশ্চিত করতে তাদের ভূমিকার জন্য আমি সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স ও স্পিকার হিয়েস্টিকে ধন্যবাদ জানাই।"

এই অনুদানের 5 বিলিয়ন ডলারেরও বেশি পুনর্গঠনের জন্য এবং স্বাস্থ্যসেবা কর্মীদের বোনাস দেওয়ার জন্য ব্যয় হবে। এর মধ্যে স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি কর্মীদের ধরে রাখার জন্য বোনাস হিসেবে 1.2 বিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে এক বছর কর্মরত রয়েছেন এমন কর্মীদের মধ্যে 125,000 ডলারের চেয়ে কম আয়ের কর্মীদের জন্য 3,000 ডলার পর্যন্ত বোনাস, এবং অপেক্ষাকৃত কম ঘণ্টা কাজ করা কর্মীদের জন্য প্রো-রেটেড বোনাস প্রদান করা হবে। জীবনযাপনের ব্যয় সমন্বয়ের উদ্দেশ্যে মানবসেবা কর্মীদের বেতন বৃদ্ধির জন্য 500 মিলিয়ন ডলার বরাদ্দ করা হবে। এছাড়াও এই বাজেটে মানবসেবা কর্মীদের জন্য জীবনযাপনের ব্যয় 5.4 শতাংশ সমন্বয় করার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

স্বাস্থ্যসেবা খাতের অবকাঠামোগত উন্নয়ন শুধু স্বাস্থ্যসেবা কর্মীদের কর্মস্থলের পরিবেশ উন্নত করার জন্যই অপরিহার্য নয়, বরং রোগীদের সেবা ও অপেক্ষার সময় ব্যাপকভাবে উন্নত করার জন্যেও অপরিহার্য। এই বাজেটে হাসপাতাল, নার্সিং হোম, অ্যাম্বুলেটরি সেবা কেন্দ্র, কমিউনিটি-ভিত্তিক সেবা কেন্দ্র এবং অন্যান্য উপযুক্ত স্বাস্থ্যসেবা কেন্দ্র ও সেবা প্রদানকারীদের অবকাঠামোগত উন্নয়নে অর্থায়নের উদ্দেশ্যে 2.4 বিলিয়ন ডলারের একটি নতুন বিনিয়োগের ব্যবস্থা রাখা হয়েছে। সেইসাথে, কোভিড-19 মহামারির ফলে আর্থিকভাবে সংগ্রামে লিপ্ত থাকা হাসপাতালগুলোকে সাহায্য করার জন্য চার বছরে 3.9 বিলিয়ন ডলার -- আগের চার বছরের তুলনায় 88 শতাংশ বৃদ্ধি - বরাদ্দ করা হবে।

প্রবীণদের জন্য কভারেজ ও সুলভতা বৃদ্ধি করতে, প্রণীত এই বাজেটে 65 বছর ও তার বেশি বয়সী এবং প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের জন্য আয়ের সীমা ফেডারেল দারিদ্র্য সীমার 138% এ উন্নীত করা হয়েছে, মেডিকেরার সাশ্রয় কর্মসূচির (Medicare Savings Program) আয়ের সীমা বৃদ্ধি করা হয়েছে, এবং 65 বছর ও তার বেশি বয়সী কাগজপত্রবিহীন ব্যক্তিদের জন্য কভারেজ সম্প্রসারণ করা হয়েছে।

কাগজপত্রবিহীন ব্যক্তির সহ, স্টেটব্যাপী সব মা ও পরিবারের জন্য একটি অধিকতর নিরাপদ সন্তান প্রসবের অভিজ্ঞতা তৈরি করতে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যসেবা খাতের কাঠামোবদ্ধ ও প্রতিষ্ঠানগত অসমতাসমূহ মোকাবেলা করতে দৃঢ় প্রতিজ্ঞ। এই বাজেটে জাতিগত অসমতা কমিয়ে আনা এবং সব মায়ের জন্য মানসম্মত সেবা অ্যাক্সেসযোগ্য করতে সর্বজনীন প্রসবপূর্ব ও প্রসবোত্তর সেবার অ্যাক্সেস সম্প্রসারণের জন্য নকশাকৃত 20 মিলিয়ন ডলারের বার্ষিক

বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হবে। গর্ভবতী অবস্থায় মেডিকেইডের জন্য উপযুক্ত সবার জন্য স্টেট প্রসবোত্তর কভারেজ 60 দিন থেকে বৃদ্ধি করে সন্তান জন্ম দানের পর এক বছর পর্যন্ত সম্প্রসারণ করবে, যা স্টেটব্যাপী স্বাস্থ্যের ক্ষেত্রে আরো বেশি সমতাপূর্ণ ফলাফল বয়ে আনবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)